

22922 - রমযান মাসের দিনের বেলায় সুরমা, মেহেদি ও কসমেটিকস সামগ্রী ব্যবহার করার হুকুম

প্রশ্ন

রমযান মাসের দিনের বেলায় নারীদের জন্য সুরমা ব্যবহার করা ও কিছু কসমেটিকস সামগ্রী ব্যবহার করার হুকুম কী? এসব জিনিস কি রোযা ভঙ্গ করবে?

প্রিয় উত্তর

আলেমদের সঠিক মতানুযায়ী সুরা লাগালে নারী পুরুষ কারো রোযা ভঙ্গবে না। কিন্তু রোযাদারের জন্য এগুলো রাতের বেলায় ব্যবহার করা উত্তম। অনুরূপ বিধান প্রযোজ্য সাবান, ওয়েল ইত্যাদি যেসব জিনিস দিয়ে চেহারাকে সুশী করা হয়; যেগুলো বাইরের ত্বকের সাথে সম্পৃক্ত। যেমন- মেহেদী, মেকআপ করা ইত্যাদি। তবে মেকআপ করলে যদি চেহারার ক্ষতি হয় তাহলে ব্যবহার করা উচিত হবে না।